# Chapter Nine | Transformation of Sentences

**Part 01: According to Meaning**
অর্থ অনুসারে Sentences পাঁচ প্রকারঃ
1.Assertive Sentence
2.Interrogative Sentence
3.Imperative Sentence
4.Exclamatory Sentence
5.Optative Sentence
6.
Assertive Sentence আবার দুই প্রকারঃ
7.Affirmative Sentence
8.Negative Sentence

**Transformation: Affirmative to Negative & Vice Versa**
1. কোন Affirmative Sentence এ only বা alone থাকে আর তা যদি Allah/God বা কোন ব্যক্তিকে নির্দেশ করে তাহলে উক্ত only বা alone উঠে যায় এবং তার পরিবর্তে বাক্যের শুরুতে None but ব্যবহার করতে হয়।

Affir: Only Allah can save us.
Neg: None but Allah can save us.

2. কোন Affirmative Sentence এ only/alone কোন বস্তুকে নির্দেশ করে, তাহলে উক্ত only/alone উঠে যায় এবং তার পরিবর্তে বাক্যের শুরুতে Nothing but ব্যবহার করতে হয়।

Affir: She eats only bread.
Neg: She eats nothing but bread.

## Transformation: Affirmative to Negative & Vice Versa

3. Only দ্বারা যদি সংখ্যা নির্দেশ করে তাহলে উত্তর বাক্যে only এর পরিবর্তে ঐ জায়গায় not more than বা not less than বসে।

Affir: Fariha is only 5 years old.
Neg: Fariha is not more than 5 years old.

4. Affirmative Sentence এ must থাকলে Negative করার সময় must এর পরিবর্তে can not but/ can not help বসে। তবে Can not help এর পরে যে Verb থাকে উক্ত Verb এর সাথে ing যোগ করতে হয়।

Affir: We must obey our parents.
Neg: We cannot but obey our parents.

5. Both...and/and যুক্ত কোন affirmative sentence কে negative করতে হলে উত্তর বাক্যের কখনও শুরুতে আবার কখনও মাঝে not only....but also বসে।

Affir: I am goot at both English and mathematics.
Neg: I am good at not only English but also mathematics.

6. Every কে negative করতে হলে Every এর পরিবর্তে প্রথমে There is no বসে+ Every এর পরের শব্দটি বসে+ but বসে+ প্রদত্ত Sentence এর বাকী অংশ বসে।

Affir: Everybody has a unique quality.
Neg: There is nobody but has unique quality.

## Transformation: Affirmative to Negative & Vice Versa

7. As soon as কে Negative করতে হলে:
As soon as এর জায়গায় No sooner had + Subject + Verb এর Past Participle + বাক্যের বাকী অংশ + than + দ্বিতীয় বাক্য হয়।

Affir: As soon as he arrived, we started the meeting.
Neg: No sooner had he arrived than we started the meeting.

8. Superlative Degree যুক্ত বাক্যকে Negative করতে হলে নিম্নের Structure টি অনুসরণ করতে হবে।

Structure: No other+ Superlative এর পরের অংশ+ Verb+ so+ Superlative degree এর positive form+ as+ প্রদত্ত Sentence এর Subject

Affir: Arif is the tallest kid in his class.
Neg: No other kid in the in the class is so tall as Arif.

9. Affirmative Sentence কে Negative এ রূপান্তরের সময় উক্ত Sentence এর মধ্যে অবস্থিত Affirmative শব্দটির Negative রূপ বসাতে হয় এবং উক্ত Negative শব্দটির পুর্বে not বসাতে হয়।

Affir: He is an honest man.
Neg: He is not a dishonest man.

10. Always যুক্ত Affirmative Sentence কে Negative করতে হলে always এর পরিবর্তে never বসে এবং affirmative শব্দটির বিপরীত শব্দ বসে।

Affir: I always like him.
Neg: I never dislike him.

**Transformation: Affirmative to Negative & Vice Versa**

11. Too...to যুক্ত affirmative sentence কে negative করার নিয়ম

প্রদত্ত Sentence এর Subject+ Verb বসে + too এর পরিবর্তে ঐ জায়গায় so বসে + too এর পরের adjective/adverb বসে + that বসে + প্রথম Subject আবার বসে + tense অনুযায়ী can not/ could not বসে + প্রদত্ত to এর পরের অংশ বসে

Affir: He was too busy to meet me.
Neg: He was so busy that he could not meet me.

12. As...as যুক্ত Affirmative Sentence কে negative করার নিয়মঃ
প্রথম as এর জায়গায় not less বসে। শেষ as এর জায়গায় than বসে।

Affir: Faria is as intelligent as Raisa.
Neg: Faria is not less intelligent than Raisa.

13. চিরন্তন অর্থবোধক affirmative sentence কে নিচের নিয়মটি ব্যবহার করে negative করতে হয়।

শুরুতে বাক্যস্থিত সাহায্যকারী Verb + n't বসে / Sentence এর মধ্যে সাহায্যকারী Verb না থাকলে তার পরিবর্তে উত্তর বাক্যের শুরুতে Don't/Doesn't বসে + বাকী অংশ বসে + প্রশ্নবোধক চিহ্ন বসে

Affir: Time heals everything.
Neg: Doesn't time heal everything?

14. Affirmative Sentence এ sometimes থাকলে negative করার সময় sometimes এর পরিবর্তে always এবং তার পূর্বে not বসে।

Affir: I sometimes go to Sylhet.
Neg: I do not always go to Sylhet.

## Transformation: Assertive to Interrogative

1. অর্থের পরিবর্তন না করে সাহায্যকারী Verb যুক্ত Assertive Sentence কে Interrogative এ রূপান্তর করার সময় যদি Sentence টি Affirmative হয় তাহলে

To be verb প্রথমে বসে+ n't বসে+ subject বসে+ বাকী অংশ বসে+ প্রশ্নবোধক বসে।

Asser: We are going to school.
Int: Aren't we going to school?

2. Negative অর্থবোধক Assertive Sentenceকে Interrogative করার সময় Negative শব্দটি উঠে যায় এবং সাহায্যকারী Verb টি প্রথমে বসে।

Asser: I have not completed the assignment.
Int: Have I completed the assignment?

3. সাহায্যকারী Verb বিহীন Present Indefinite Tense এর Assertive Sentence কে Interrogative করার নিয়ম

প্রথমে Tense অনুযায়ী Don't/Doesn't/Didn't বসে+ প্রদত্ত Subject বসে+ মূল Verb বসে+ বাকী অংশ বসে+ প্রশ্নবোধক চিহ্ন বসে

Asser: He likes to eat mangoes.
Int: Doesn't he like to eat mangoes?

4. Assertive Sentence এ never থাকলে Interrogative করার সময় ever হয় এবং nothing থাকলে anything হয়।

Asser: There is nothing better to do.
Int: Is there anything better to do?

## Transformation: Assertive to Interrogative

5. Everyone/Everybody/All কে Interrogative করার সময় প্রথমে Who বসে+ don't/doesn't/didn't বসে+ মূল Verb এর Present form বসে+ মূল Verb এর পরের অংশ বসে+ প্রশ্নবোধক চিহ্ন বসে

Asser: Everybody wants a loving family.
Int: Who doesn't want a loving family?

2. Every+ noun যুক্ত Assertive Sentence কে Interrogative করার সময় Is there any+ every এর পরে ব্যবহৃত noun টি+ who doesn't+ বাক্যে ব্যবহৃত মূল Verb এর base form+ প্রদত্ত বাক্যের মূল Verb এর পরের অংশ+ প্রশ্নবোধক  চিহ্ন বসে।

Asser: Every person have own choices.
Int: Is there any person who doesn't have own choices?

3. Nobody/None/No one কে Interrogative করতে হলে এদের পরিবর্তে who বসে+ বাকী অংশ বসে+ প্রশ্নবোধক চিহ্ন বসে।

Asser: Nobody likes to be alone.
Int: Who likes to be alone?

4. It is no use যুক্ত Assertive Sentence কে Interrogative করার সময় It is no use এর পরিবর্তে why বসে+ use এর পরের ing যুক্ত verb টির present form বসে+ প্রদত্ত sentence এর বাকী অংশ+ প্রশ্নবোধক চিহ্ন বসে।

Asser: It is no use talking to him.
Int: Why talk to him?

**Transformation: Exclamatory to Assertive**

1. Exclamatory Sentence কে Assertive করতে হলে প্রথমে Subject বসে+ Verb বসে+ a/an বসে+ very/great বসে+ adjective বসে+ বাকী অংশ বসে।

Structure: Subject+ verb+ a/an+ very/great+ adjective+ বাকী অংশ।
Excl: What a beautiful place this is!
Asser: This is a very beautiful place.

2. Hurrah যুক্ত Exclamatory Sentence কে Assertive করতে হলে Hurrah এর পরিবর্তে It is a matter of joy that বসে+ বাকী অংশ বসে।

Excl: Hurrah! They became the champion team.
Asser: It is a matter of joy that they became the champion team.

3. Exclamatory Sentence, Alas দ্বারা শুরু হলে Assertive করার সময় Alas এর পরিবর্তে It is a matter of sorrow that+ Alas এর পরের অংশ বসে।

Excl: Alas! My friend lost the match.
Asser: It is a matter of sorrow that my friend lost the match.

4. If দ্বারা Exclamatory Sentence শুরু হলে প্রথমে subject বসে+ wish বসে+ if এর পরের অংশ বসে।
Structure: Subject+ wish+ if এর পরের অংশ।

Excl: If I were a kite!
Asser: I wish I were a kite.

## Transformation: Exclamatory to Assertive

5. Exclamatory Sentence টি had দ্বারা শুরু হলে প্রথমে Subject বসে+ wish বসে+ পুনরায় Subject বসে+ had বসে+ বাকী অংশ বসে।

Excl: Had I all the riches of the world!
Asser: I wish I had all the riches in the world.

6. Would that দিয়ে Exclamatory Sentence শুরু হলে প্রদত্ত Subject+ wish বসে+ would that এর পরের অংশ বসে।

Excl: Would that I could go on a trip.
Asser: I wish I could go on a trip.

## Transformation: Assertive to Exclamatory

1. প্রথমে What(a/an)/How বসে+ Adjective বসে+ Subject বসে+ Verb বসে+ বাকী অংশ (যদি থাকে)+ note of exclamation (বিস্ময়কর চিহ্ন বসে)।

Asser: It is a very good day.
Excl: What a good day it is!

2. Assertive Sentence এ wish থাকলে Exclamatory করার সময় শুরুতে If/Had বসে।

Asser: I wish I were a poet!
Excl: If I were a poet!

**Transformation: Assertive to Imperative**

1. Assertive Sentence টি হ্যাঁ বোধক হলে

**Structure:** প্রদত্ত Sentence এর মূল verb এর present form+প্রদত্ত verb এর পরের অংশ।

Affir: You have to work on the paper.
Imp: Work on the paper.

2. Assertive Sentence টি না বোধক হলে

**Structure:** Do not/Don't+ প্রদত্ত Sentence এর মূল verb এর present form+ প্রদত্ত verb এর পরের অংশ।

Neg: You should not lie to your parents.
Imp: Don't lie to your parents.

3. Never যুক্ত Assertive Sentence কে Imperative করার নিয়ম
Structure: প্রদত্ত Never+ প্রদত্ত মূল verb এর present form+ verb এর পরের অংশ।

Asser: You should never be rude to your teachers.
Imp: Never be rude to your teachers.

4. Assertive Sentence এর subject যদি First person বা Third person হয়, তবে তাকে নিচের নিয়মে Imperative করতে হয়।

Structure: Let+ প্রদত্ত subject টির objective form+ প্রদত্ত sentence এর মূল verb থেকে শেষ পর্যন্ত।

Affir: We can watch a documentary.
Imp: Let us watch a documentary.